শিক্ষকের বিরুদ্ধে তিন বছর ধরে ধর্ষণের অভিযোগ এনে ছাত্রীর আত্মহত্যা

কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় এক ছাত্রী তার শিক্ষকের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে আত্মহত্যা করেছেন। গতকাল শনিবার সকাল ৭টার দিকে আত্মহত্যা করেন ওই ছাত্রী। খবর পেয়ে সকাল ১০টার দিকে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। আত্মহত্যা করার আগে ওই ছাত্রী ফেসবুকে লিখেছেন, দেশে এমন শিক্ষক আরও কোন ছাত্রীর জীবনে না আসুক। সবাই আমায় মাফ করবেন।

এলাকাবাসী ও পরিবার সূত্রে জানা যায়, ওই ছাত্রীর বাড়ি কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলায়। কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজে অনার্স প্রথম বর্ষের ছাত্রী ছিলেন। ২০১৭ সালে উপজেলার কালিয়াচাপড়া চিনিকল উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পাশ করেন তিনি। বিদ্যালয়ে নবম শ্রেণিতে পড়ার সময় ওই বিদ্যালয়ের খণ্ডকালীন গণিতের এক শিক্ষক রাসেল আহমেদের কাছে প্রাইভেট পড়তেন তিনি। রাসেল আহমেদ কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার নোয়াবাদ গ্রামের রহমত আলীর ছেলে। প্রাইভেট পড়ার সময় রাসেলের সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে উঠে সেই ছাত্রীর। বিয়ের প্রতিশ্রুতি পাওয়ায় এক পর্যায়ে দৈহিক সম্পর্কে জড়িয়ে পড়ে তারা। কিছুদিন আগে রাসেল গোপনে অন্য মেয়েকে বিয়ে করেন। এমন খবর জানতে পেরে ক্ষুব্ধ সেই ছাত্রী আত্মহত্যা করেন।

আত্মহত্যা করার আগে তিনি ফেসবুকে লিখেছিলেন, বিয়ের প্রতিশ্রুতি দিয়ে তিন বছর ধরে ছাত্রীকে ধর্ষণের পরে অন্য মেয়েকে বিয়ে করে ছাত্রীকে আত্মহত্যা করতে বাধ্য করায় আমার প্রিয় শিক্ষক। আর সেই ভাগ্যবান ছাত্রী আমি নিজে। আল্লাহ আমায় মাফ করো। দেশে এমন শিক্ষক আরও কোন ছাত্রীর জীবনে না আসুক। সবাই আমায় মাফ করবেন, সদ্য এসএসসি পাস করা একটা মেয়ে বিয়ের মানে-এসব জানতামই না। ভদ্র স্যারকে বিশ্বাস করতাম, যা বলতো তাই শুনতাম। যাই হোক, ভাল থাক সে….বিদায়।
সূত্র- বিডি প্রতিদিন

মেহেরপুরে আউশ ধান কাটা উৎসব

মেহেরপুর সদর এর কালাচাঁদপুর মাঠে আউশ ধান কর্তন উৎসব পালন করা হয়।

শনিবার সকালে মেহেরপুর সদর এর কালাচাঁদপুর মাঠে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ভার্চুয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে আউশ ধান কর্তন উৎসব পালন করা হয় ।

এ সময় ভিডিও কনফারেন্সে (জুম)প্রধান অতিথি হিসেবে কৃষি মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন(এমপি)।

কৃষিমন্ত্রী বলেন, মেহেরপুর মুজিবনগর একটি ঐতিহাসিক স্থান, যেটা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণ করা হয়েছে। মেহেরপুরের মাটি এতটাই উর্বর যেখানে সব ধরনের ফসল অনায়াসে উৎপাদন করা সম্ভব।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ কৃষি সম্মৃদ্ধ দেশ । আমার মেহেরপুর জেলা তার মধ্যে অন্যতম। আমরা মেহেরপুর জেলাকে নিয়ে গর্ব করি। আপনারা জানেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়েকবার মেহেরপুর এসেছেন এবং কৃষি খাত নিয়ে কথা বলেছেন।

আমাদের মেহেরপুর জেলাবাসী সম্পূর্ণ কৃষি খাতের উপর নির্ভরশীল । মেহেরপুর জেলার মাটি খুবই উর্বর। ১০ বছর পর অতিবৃষ্টির কারণে মেহেরপুর জেলার বিভিন্ন ফসলের জমি ডুবে গেছে সে ক্ষেত্রে বিএডিসি থেকে কিছু জমি পরিদর্শন করেছে এবং সেখানে কিছু জমি প্রকল্পে আওতায় আনা হবে বলে জানিয়েছেন।

এখন আবার মেহেরপুরের মাটিতে মালটা, পেয়ারা, ড্রাগন ফল সহ বিভিন্ন জাতের ফসল ব্যাপকভাবে চাষ হচ্ছে । এমন কোন ফসল নেই যে আমাদের মেহেরপুরের মাটিতে চাষ হয় না। সেইসাথে কৃষকের ঘরে ঘরে কিন্তু একটি দুইটি করে গরু পালিত হয় । আমরা বলতে পারি আমাদের কৃষি ইনস্টিটিউট নাই কিন্তু আমরা বলতে পারব আমরা কৃষি সমৃদ্ধ এলাকায় বসবাস করি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের কৃষি সচিব নাসিরুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক আব্দুল মুঈদ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর ও মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি প্রমুখ।

ব্যবস্থা নেওয়া হয়নি কারো বিরুদ্ধে

মেহেরপুরের গাংনীর কাজিপুর মাধ্যমিক বিদ্যালয় ভবন নির্মান কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহারের ঘটনায় ঠিকাদার ও সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি।

উল্টো শনিবার সকালে তড়িঘড়ি করে ছাদ ঢালাই সম্পন্ন করা হয়েছে। এ নিয়ে স্থানীয়দের মধ্যে ক্ষোভ থাকলেও শিক্ষা প্রকৌশলী অধিদপ্তর মেহেরপুরের ভারপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী মো: জাহেদুল করিম রহস্যজনক ভুমিকা পালন করছে।

তবে এ ঘটনায় মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কোন ব্যবস্থা গ্রহন না করায় প্রধান শিক্ষা প্রকৌশলী বরাবর এলাকাবাসির পক্ষ থেকে ঠিকাদার ও প্রকৌশলী সহ অভিযুক্তদের লিখিত অভিযোগ করা হবে বলে জানা গেছে।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী সুব্রত কুমার পাল বলেন, নির্বাহী প্রকৌশলী স্যারের নির্দেশনা মোতাবেক ছাদ ঢালাই শেষ করা হয়েছে। ঠিকাদার কিংবা দায়িত্বে থাকা উপ সহকারী শিক্ষা প্রকৌশলীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে কি না জানিনা।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত দায়িত্বে থাকা নির্বাহী প্রকৌশলী মো: জাহেদুল করীম বলেন,স্থানীয় ছেলেরা রাতে ছাদে বসে থাকে এ নিয়ে ঠিকাদারের লোকজনের ঝামেলা তৈরি হওয়ায় ক্ষুদ্ধ হয়ে কাজ বন্ধ করে দিয়েছিলো। পরে সহকারী প্রকৌশলীর উপস্থিতিতে কাজ শেষ করা হয়েছে। সভাপতি,প্রধান শিক্ষক,ঠিকাদারের ম্যানেজার নিম্নমানের সামগ্রী ব্যবহারের কথা স্বীকার করলেও তিনি

দোষিদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে ঠিকাদার ও দায়িত্বপ্রাপ্ত উপসহকারী প্রকৌশলীর গাইতে শুরু করেন তিনি।

স্থানীয়দের দাবি অনিয়ম আড়াল করতে ঘটনা ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত দায়িত্বে থাকা নির্বাহী প্রকৌশলী মো: জাহেদুল করীম মিথ্যাচার করছে। এ বিষয়ে প্রধানমন্ত্রী,শিক্ষামন্ত্রী, প্রধান শিক্ষা প্রকৌশলী বরাবর এলাকাবাসির পক্ষ থেকে অভিযুক্তদের বিচারের দাবিতে লিখিত অভিযোগ করা হবে।

কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় ইউপি সদস্য মো: খবির উদ্দীন জানান,সংবাদ প্রকাশ হওয়ার পর সঠিক ভাবে কাজ করেছে। কিন্তু নিম্নমানের সামগ্রী দিয়ে বৃহস্পতিবার কাজ করেছে। একারনে শিক্ষক ও এলাকাবাসি কাজ বন্ধ করে দেয়।

এ ব্যাপারে মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারি পরিচালক সুব্রুত রায় জানান, বালি শেষ হয়ে যাওয়ার কারণে লোকাল বালি দিয়ে কাজ করতে যাচ্ছিলেন মিস্ত্রিরা। এসময় স্থানীয়রা কাজ বন্ধ করে দেয়। বিষয়টি জানার পর গতকাল শনিবার সকাল থেকে আমি নিজে উপস্থিত থেকে উন্নত মানের বালি দিয়ে কাজ করিয়েছে।

উল্লেখ্য: ২ কোটি ৮৮ লাখ টাকা ব্যায়ে কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যাদেশ পায় কুষ্টিয়ার আনোয়ার আলী নামের এক ঠিকাদারী প্রতিষ্ঠান। ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক কুষ্টিয়া পৌর মেয়র আনোয়ার হোসেনের ছেলে তনু। নিম্নমানের বালি দিয়ে ঢালাই করা হয়েছে এমন সংবাদ পাওয়ার পর নির্মান কাজ বন্ধ করে শিক্ষক সহ এলাকাবাসি।

গাংনী সিমান্তে ১শ’৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী সিমান্তের ১শ’৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি।

শনিবার দিবাগত মধ্যেরাতে উপজেলার তেঁতুলবাড়িয়া সীমান্তের পাশ্চিমপাড়া মাঠ থেকে পরিত্যাক্ত অবস্থায় ফেন্সিডিল গুলো উদ্ধার করা হয়। এদিকে একের পর সীমান্তে ফেন্সিডিল,গাঁজা ও মদ সহ দুএকজন আটক হলেও বেশিরভাগ অভিযানে মাদক উদ্ধার হয় পরিত্যাক্ত অবস্থায়।

একটি পরিসংখ্যন বলছে বিজিবি অভিযানে ৯০ ভাগই পরিত্যাক্ত অবস্থায় মালামাল উদ্ধার করা হয়। তবে পরিত্যাক্ত এসব মাদকের কোন মালিকানা সনাক্ত করতে পারেনি বিজিবি।

তেঁতুলবাড়িয়া বিওপি ক্যাম্প কমান্ডার আবুল হোসেন,সীমান্তের ১৩৯/২ এস পিলার এলাকায় টহল দেওয়ার সময় মুখবাধা অবস্থায় একটি বস্তা পাওয়া যায়। বস্তাখুলে ১শ’৫২ বোতল ফেন্সিডিল পাওয়া যায়।

ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় গাংনী থানায় সাধারন ডায়েরী করা হবে। তিনি আরো বলেন, ধারনা করা হচ্ছে বিজিবি সদস্য’দের উপস্থিত টের পেয়ে মাদক পাচারকারী বস্তা ফেলে পালিয়ে গেছে। তবে ফেন্সিডিল পাচারকারীদের সনাক্তের চেষ্টা চলছে।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ বিজিবি’র সিইও লে: কর্নেল ফরহাদ হোসেন জানান,সীমান্তে বিজিবি সদস্যরা মাদক সহ চোরাচালানি রোধে কাজ করছে। সকলের সহযোগিতায় সীমান্ত থেকে মাদক পাচার বন্ধ করা হবে।

করোনায় আরও ৪৬ জনের প্রাণহানি, আক্রান্ত ২২৬৫

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৯০৭ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ২৬৫ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ৯২ হাজার ৬২৫ জন।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৯৫২ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৫ হাজার ৫৬৭ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ১১ হাজার ৩৫৬টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ২৬৫ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট শনাক্ত ২ লাখ৯২ হাজার ৬২৫।

গত ২৪ ঘণ্টায় শনাক্তের হার ১৯ দশমিক ৯৫ শতাংশ।

এই সময়ে দেশে আরও ৪৬ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়া রোগীদের মধ্যে ৩৬ পুরুষ ও নারী ১০ জন। এ নিয়ে দেশে মোট ৩ হাজার ৯০৭ জন কোভিড রোগীর মৃত্যু হলো।

এছাড়া গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ২ হাজার ৯৫২ জন এবং মোট সুস্থ ১ লাখ ৭৫ হাজার ৫৬৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৬০ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ৩৪ শতাংশ।

গত বছরের ডিসেম্বরে চীন থেকে উৎপত্তি হওয়া প্রাণঘাতী করোনাভাইরাস বাংলাদেশসহ বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে।

গত ১১ মার্চ করোনাভাইরাস সংকটকে মহামারী ঘোষণা করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

সূত্র- যুগান্তর

গাংনীর ধলাক্যাম্পে বিট

পুলিশিং এর উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি” “আপনার পুলিশ আপনার পাশে,” “তথ্য দিন সেবা নিন” এই স্লোগান সামনে রেখে গাংনীর ধলা ক্যাম্পে বিট পুলিশিং এর উদ্বোধন করা হয়।

আজ শনিবার সকাল সাড়ে দশটার দিকে ধলা ক্যাম্পে বিট পুলিশিং এর উদ্বোধন করা হয়।

ধলা ক্যাম্পের এস আই আসাদুজ্জামান সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী থানার অফিসার্স ইনচার্জ ওবায়দুর রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, কাথুলী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি গোলজার হোসেন, সেক্রেটারি মোজাম্মেল হোসেন।

উক্ত অনুষ্ঠানে ৬ সদস্য বিশিষ্ট বিট পুলিশিং কমিটি গঠন করেন। যা ধলা ক্যাম্পের এস আই আসাদুজ্জামান কে প্রধান করে জাহিদ হোসেন এ এস আই, আক্কাস আলী নায়েক, রাজু আহম্মেদ কনস্টেবল, কাওছার আলী কনস্টেবল, শুকুর আলী কনস্টেবল কে কমিটি নিযুক্ত করেন।

এবং গাংনী থানার অফিসার্স ইনচার্জ ওবায়দুর রহমান বিট পুলিশিং কি এবং কেন এই বিট পুলিশিং কমিটি গঠন করা হলো তা বিস্তারিত জানান।

এ বিষয়ে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা জানান বিট পুলিশিং এখন জনগনের বাড়ি বাড়ি যেয়ে পুলিশের সেবা নিশ্চিত করবেন। এবং আমরা সকলেই কৃষি পরিবারের সন্তান তাই আমাদের ছোট খাটো সমস্যা নিয়েও এখান থেকে ২০ কিলোমিটার দূরে থানায় যেতে হতো এখন থেকে আমাদের যাতেকরে ছোট খাটো এই সমস্যা নিয়ে থানায় যেতে না হয় তার জন্য এই বিট পুলিশিং এর ব্যাবস্থা করেছেন।

এ বিষয়ে ধলা ক্যাম্পের এস আই জানান আমরা আপনাদের পাশে সবসময় তবে আপনাদেরও আমাদের সহযোগিতা করতে হবে এবং বিট পুলিশিং সম্পর্কে সকলকে অবহিত করতে হবে।

গাংনীর তেরাইলে রাস্তার বেহাল দশা, পরিষ্কার করল তরুণরা

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল কুঠিপাড়ার তরুণ সমাজের উদ্যোগে ২ কিলোমিটার রাস্তা পরিষ্কার করা হয়েছে। যাতায়াতের রাস্তার অচল অবস্থা দেখে নিজেদের যাতায়াতের রাস্তার কাদা নিজেরাই পরিষ্কার করেছে।

এ বিষয়ে রাকিবুল ইসলাম রকি জানান, তেরাইল কুঠিপাড়ার রাস্তা দিয়ে ১০০০ একর জমির ফসল উত্তোলন করা হয়। এর ফলে রাস্তার বিভিন্ন জায়গায় বড় বড় গর্তের সৃষ্টি হয়। বড় বড় গর্তের ফলে ভ্যান, অটোরিকশা সহ বিভিন্ন যানবাহন চলাচল করতে পারে না।

হাসিবুল ইসলাম বলেন, তেরাইল কুঠিপাড়া এক হাজার মানুষের যাতায়াত এই রাস্তা দিয়ে।

তেরাইল কুঠিপাড়ার রাজ্জাক হোসেন বলেন, ১০ বছর আগে এই হেয়ারিং রাস্তা হয়েছিল পরবর্তীতে আর রাস্তা মেরামত করা হয় নি। এই রাস্তা দিয়ে ফসল তুলতে আমাদের অনেক ভোগান্তি হয়। আমরা খুবই কষ্টের মধ্যে যাতায়াত করছি। তাই আমাদের আকুল আবেন মাননীয় এমপি ও চেয়ারম্যান মহোদয়ের কাছে যেন দ্রুত আমাদের রাস্তাটা মেরামত করেন এবং এই কঠিন জনদুর্ভোগ থেকে মুক্তি দিবেন।

তেরাইল কুঠিপাড়ার সেচ্ছাসেবক হামিদুল ইসলাম বলেন, আমাদের পাড়ায় ১ হাজার মানুষের বসবাস রাস্তাটা অনেকদিন ধরে চলাললের অনউপযোগী। রাস্তায় চলতে আমাদের খুব কষ্ট হয়। আমরা চায় দ্রুত রাস্তায় সংষ্কার করা দরকার।

উল্লেখ্য যে, গত ১ মাসে ৯ জন সড়ক দুর্ঘটনায় স্বীকার হয়েছে এই রাস্তায়।

চেক রিপাবলিকের মাঠ কাঁপাচ্ছে মেহেরপুরের সুহাস

ইউরোপের দেশ চেক রিপাবলিকে ক্রিকেট খেলায় মাঠ কাপাচ্ছে মেহেরপুরের সুহাস। সম্প্রতি বোহেমিয়ান নামের এক ক্লাব থেকে খেলে ইসিএন সুপার সিরিজ জয়লাভ করেছেন। সিরিজের সেরা খেলোয়াড়ের তকমাও কব্জা করেছেন সুহাস। ডাক পেয়েছেন দেশটির জাতীয় দলে। আগামী ২৭ আগষ্ট জাতীয় দলের হয়ে তার অভিষেক হওয়ার কথা রয়েছে।

পুরো নাম আবুল হুসাইন মো. শাহ্ ফরহাদ সুহাস। মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের আবুল কাশেম মাস্টারের ছোট ছেলে। ২০০৯ সালে উচ্চ শিক্ষার জন্য লন্ডন পাড়ি দেন। সেখান থেকেই তিনি আন্ডার গ্র্যাজুয়েশন শেষ করেন। পড়াশোনার ফাঁকে ফাঁকে ইউনিভার্সিটি ক্রিকেট লিগের সঙ্গেও নিজেকে সম্পৃক্ত করেন। এরপর থেকেই লন্ডনের ক্লাব ক্রিকেটের সঙ্গে যুক্ত ছিলেন। ২০১৬ সালে বৃত্তি নিয়ে উচ্চ শিক্ষার জন্য চেক রিপাবলিকে যান। বর্তমানে সেখানকার ইউনিভার্সিটি অব দ্য ওয়েস্ট অফ স্কোটল্যান্ড বিশ্ববিদ্যালয়ে (ডিসটেন্স লার্নিং প্রোগ্রাম) লন্ডন শাখায় এমবিএ-তে অধ্যায়নরত। পাশাপাশি রেস্তোরাঁ ব্যবসার সঙ্গে জড়িত আছেন।

২০১৯ সালে চেক রিপাবলিকে ক্লাব ক্রিকেটের সঙ্গে যুক্ত হোন সুহাস। সেখানকার বোহেমিয়ান ক্রিকেট ক্লাবের নিয়মিত সদস্য তিনি। প্রথম মৌসুমেই সুহাস চেক রিপাবলিকের জাতীয় ক্লাব ক্রিকেটের টি-টোয়েন্টি লিগে দশ ম্যাচ খেলেন। দশ ম্যাচে পাঁচের নীচে ইকোনমি রেট দিয়ে সংগ্রহ করেন ১৭টি উইকেট। সেরা বোলিং ছিল ভালভারি ক্রিকেট ক্লাবের বিপক্ষে ১১ রানে ৫ উইকেট। ব্যাটিংয়েও আলো ছড়িয়েছেন সুহাস। ক্লাবের হয়ে ৪/৫ পজিশনে ৭ ম্যাচে ব্যাটিং করার সুযোগ পেয়ে ৪১.৭১ গড়ে তার মোট রান ২৯২। এর মধ্যে একটি অর্ধশতকও রয়েছে।

চেক রিপাবলিকে ক্রিকেট খেলা শুরুর গল্পটা বলতে গিয়ে সুহাস বলেন, একেবারে আকস্মিকভাবে ২০১৯ সালের টি-টোয়েন্টি লিগ দিয়ে আমার চেক রিপাবলিকে ক্রিকেট খেলা শুরু। আমি যেখানে চাকরি করতাম সেখানের এক পাকিস্তানি সহকর্মী আমার ক্রিকেট খেলতে পারার কথা জানতে পেরে লিগে খেলার জন্য নিয়ে যান। সম্ভবত ২০১৯-এর এপ্রিলের মাঝামাঝি চেক

রিপাবলিকের দ্বিতীয় বিভাগের টুর্নামেন্টের একটা ম্যাচ দিয়ে আমার খেলা শুরু হয়। দ্বিতীয় বিভাগের লিগে চ্যাম্পিয়ন হয়ে উত্তীর্ণ হয়ে প্রথম বিভাগে খেলার যোগ্যতা অর্জন করি। এখানেও আমরা প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করি। তারপর থেকেই অনেকটা নিয়মিত ক্রিকেট খেলছি।

তিনি বলেন, চেক রিপাবলিক ২০০৮ সাল থেকে ক্রিকেট খেলছে। এবারই একটু ভালো মতো প্রস্তুতি নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্ব খেলতে নামছে। তার আগে আগামী এপ্রিলের ২৬ তারিখ থেকে শুরু হবে ন্যাশনাল লিগের খেলা। তারপরে জুনে বিশ্বকাপের বাছাই পর্বে অংশ নেবে চেক রিপাবলিক জাতীয় ক্রিকেট দল। আশা করছি, এই বাছাই পর্বের ম্যাচেই অভিষেক হবে। তার কাছ থেকে জানা যায়, চেক রিপাবলিকের ক্রিকেট দলের আসন্ন ম্যাচগুলোর মধ্যে রয়েছে আগামী ৮ জুন ২০২০ মেন্স টি-টোয়েন্টি ওয়ার্ল্ড কাপ ইউরোপিয়ান কোয়ালিফায়ার। আয়োজনে বেলজিয়াম এবং মে ২০২০ মেলবোর্ন ক্রিকেট ক্লাবের সঙ্গে প্রীতি ম্যাচ, যা অনুষ্ঠিত হবে ডেনমার্কে।

ক্রিকেটার হিসেবে নিজের লক্ষ্যের বিষয়ে সুহাস বলেন, ছোটবেলা থেকেই স্বপ্ন ছিল ভালো ক্রিকেটার হওয়ার। ২০০৯ সালে পড়াশোনার জন্য লন্ডনে চলে আসি। এরপর পড়াশোনার সাথে চাকরি করা, সব মিলিয়ে ক্রিকেটে খুব একটা সময় দেওয়া হচ্ছিল না। তারপরেও ছোটবেলার স্বপ্নকে সঙ্গী করে ইংল্যান্ডের আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে ক্রিকেট খেলেছি। সেখানে সফলতা পেলেও পড়াশোনা আর চাকরির ব্যস্ততায় ক্রিকেটটা চালিয়ে নিতে পারিনি। তবে, ভালো কোথাও খেলার আশা ছেড়ে দিইনি। পরবর্তীতে ২০১৬ সালের শেষের দিকে ইংল্যান্ড থেকে চেক রিপাবলিকে চলে আসি। এখানে গ্রীণকার্ড পাওয়ার পরে খেলার সুযোগ হয়। তারপরেই জাতীয় টিমের হয়ে খেলার জন্য আনুষ্ঠানিকভাবে সুযোগ পেয়েছি। এখন লক্ষ্য চেকের ক্রিকেটকে আরো অনেক দূর নিয়ে যাওয়া এবং ব্যাট ও বল হাতে নিয়মিত ভালো পারফরম্যান্স করা।

চেক রিপাবলিকের জন্য ভালো খেলার ইচ্ছা থাকলেও সুহাসের স্বপ্ন বাংলাদেশ জাতীয় দলের হয়ে খেলার। এ বিষয়ে তিনি বলেন, যে কোনো দেশের জাতীয় দলের হয়ে খেলাটায় একটা স্বপ্নের মত ব্যাপার। বাংলাদেশের হয়ে খেলাটা তো আমার আজন্মের স্বপ্ন। কখনও যদি বাংলাদেশের হয়ে সুযোগ পাই, অবশ্যই খেলবো। মাতৃভূমির হয়ে খেলতে পারাটা হবে আমার জন্য পরম সৌভাগ্যের এবং গৌরবের।

সুহাসের বড় ভাই সমকালের সাহিত্য সাংবাদিক হাসনাত শাহিন বলেন, সুহাস ছোটবেলা থেকেই ক্রিকেটের প্রতি আসক্ত ছিল। সে ইউরোপের একটি দেশের জাতীয় দলে খেলার সুযোগ পেয়েছে এটা মেহেরপুরের জন্য গর্বের বিষয়। সকলের কাছে তার জন্য দোয়া চেয়ে শাহিন আরও বলেন, বড় ভাই হিসেবে আমার একটায় চাওয়া সে যেনো আরও এগিয়ে যায়।

মেহেরপুরের ক্রিয়া সংগঠক ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, মেহেরপুর জেলার ক্রিয়াঙ্গনের অচলাবস্থার মধ্যেও সুহাসের আন্তর্জাতিক অর্জণ মেহেরপুরবাসীকে গর্বিত করেছে। তার জন্য শুভকামনা।

মেপ্র/এমএফআর

সিনহা হত্যা: র্যাব হেফাজতে ৭ দিনের রিমান্ডে তিন এপিবিএন সদস্য

কক্সবাজারের টেকনাফে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ খান হত্যা মামলায় সাত দিনের রিমান্ডে র্যাব হেফাজতে নিয়েছে আর্মড পুলিশ ব্যাটালিয়নের (এপিবিএন) তিন সদস্যকে।

শনিবার বেলা ১১টা ৪৫ মিনিটে তাদের কক্সবাজার কারাগার থেকে র্যাব-১৫ কার্যালয়ে নিয়ে যাওয়া হয়েছে বলে জানান কক্সবাজার জেল সুপার মো. মোকাম্মেল হোসেন।

র্যাব সূত্রমতে, কারাগার থেকে রিমান্ডের জন্য বুঝে নেয়া হয় তিন এপিবিএন সদস্যকে। প্রথমে কক্সবাজার সদর হাসপাতালে নেয়া হয়েছে। পরে তাদের স্বাস্থ্য পরীক্ষার পর র্যাব কার্যালয়ে নেয়া হয়।

এদিকে এপিবিএনের তিন সদস্যকে গত ১৮ আগস্ট গ্রেফতারের পর আদালতে সোপর্দ করে ১০ দিনের রিমান্ডের আবেদন করে মামলার তদন্তকারী কর্মকর্তা। আদালত সাত দিনের রিমান্ডের আদেশ দেন।

কক্সবাজার জেল সুপার মো. মোকাম্মেল হোসেন জানান, কক্সবাজার র্যাব ১৫-এর একটি দল এপিবিএনের তিন সদস্যকে জিজ্ঞাবাসাদের জন্য তাদের হেফাজতে নিয়েছে।

আদালতের আদেশে এই তিন সদস্যকে র্যা্বের মামলা তদন্তকারী কর্মকর্তার হাতে বুঝে দেয়া হয়েছে। তারা হলো– কক্সবাজার ১৪ আর্মড পুলিশ ব্যাটালিয়নের উপপরিদর্শক শাহজাহান, কনস্টেবল মো. রাজীব ও মো. আবদুল্লাহ।

সূত্রমতে, অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ হত্যার ঘটনার দিন এপিবিএনের এই তিন সদস্য ৩১ জুলাই রাতে শামলাপুর ঘটনাস্থল এপিবিএনের চেকপোস্টে দায়িত্বরত ছিলেন।

১৭ আগস্ট র্রাবের তদন্তকারী কর্মকর্তা এ তিনজনকে জিজ্ঞাসাবাদ করে। ১৮ আগস্ট অবসরপ্রাপ্ত মেজর সিনহা হত্যা মামলায় তাদের গ্রেফতার দেখিয়ে আদালতে সোপর্দ করে ১০ দিনের রিমান্ড আবেদন করা হয়।

কক্সবাজার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক তামান্না ফারাহ সাত দিনের রিমান্ড মঞ্জুর করেন। ওই দিন থেকে তারা কারাগারে ছিলেন।

আজ বেলা ১১টা ৪৫ মিনিটে কারাগারে থাকা রিমান্ডপ্রাপ্ত আসামি এপিবিএনের তিন সদস্যকে জিজ্ঞাসাবাদের জন্য র্যাব হেফাজতে নেয়া হয়েছে।

অন্যদিকে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মো. রাশেদ হত্যা মামলার অন্যতম গুরুত্বপূর্ণ তিন আসামি বহিষ্কৃত ওসি প্রদীপ কুমার দাশ, ইন্সপেক্টর লিয়াকত আলী ও এসআই নন্দদুলাল রক্ষিত ৫ম দিনের মতো র্যা ব হেফাজতে রিমান্ডে রয়েছে।

এর আগে অবসরপ্রাপ্ত মেজর সিনহা মোহাম্মদ রাশেদ খান হত্যা ঘটনায় চার পুলিশ সদস্যসহ সাতজনকে সাত দিনের রিমান্ড শেষে ২০ আগস্ট আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

সূত্র- যুগান্তর

অচিরেই মুজিবনগর কে মাদক মুক্ত ঘোষনা করব- ওসি হাসেম

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি” “আপনার পুলিশ আপনার পাশে,” “তথ্য দিন সেবা নিন” এই স্লোগান সামনে রেখে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের রতনপুরে বিট পুলিশিং কার্যকমের উদ্ভোধন করা হয়েছে।

পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে আজ শনিবার বেলা সাড়ে এগারোটার দিকে মুজিবনগরের রতনপুর আইসি ক্যাম্প প্রাঙ্গনে রতনপুর বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়।
অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপস্থিত জনগনের সামনে মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা করেছেন। তাই মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনে নির্দেশে মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে মুজিবনগর পুলিশ কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, হয় মাদক ছাড়তে হবে না হয় এলাকা ছাড়তে হবে, না হয় জেলে যেতে হবে মাদক ব্যবস্যায়ী, মাদক সেবন কারিদের মুজিবনগর উপজেলায় কোন স্থান হবে না।

তিনি আরো বলেন, মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ চুরি ডাকাতি সহ সব ধরনের অপরাধ দমনে এবং জনগণের জানমাল রক্ষার্থে মুজিবনগর থানা পুলিশ দিন রাত কাজ করে যাচ্ছে, পুলিশের নিজস্ব সোর্স আছে কিন্তু পুলিশের সব থেকে বড় সোর্স হলো মুজিবনগর উপজেলার সাধারন জনগণ।

জনগণের সঠিক তথ্যের উপর ভিত্তি করেই পুলিশ কাজ করে যাবে। আপনাদের এলাকার যে কোন মাদক ব্যবসায়ী, মাদক সেবনকারি, সন্ত্রাসি, চাঁদাবাজ, জঙ্গীবাদের সাথে জড়িত ব্যক্তিদের সঠিক তথ্য পুলিশকে দেবেন মুজিবনগর থানা পুলিশ সব সময় আপনাদের সাথে আছে।

তিনি বলেন, আপনাদের সহযোগীতা পেলে মেহেরপুর জেলার মধ্যে আমরাই সর্বপ্রথম মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করবো ইনশাল্লাহ।

বিট পুলিশিং এর বিষয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, একটা এলাকা নিয়ে একটি থানা গঠিত হয়। সাধারন জনগণকে যে কোন ধরনের সেবা নিতে কষ্ট করে থানায় যেতে হয়। আর যেন কাউকে থানায় যেতে না হয় তাই সকলের দার গোড়ায় পুলিশি সেবা পৌছে দিতে আমরা উপজেলার প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং এর গঠন করা হয়েছে।

তিনি আরো বলেন, প্রত্যেকটি বিটে এক জন এসআই একজন এএসআই এবং দুজন কনষ্টেবল আপনাদের সেবাই নিয়জিত থাকবে পুলিশ সব সময় সাধারন জনগণের পাশে রয়েছে আগামীতেও থাকবে।

রতনপুর বিট পুলিশিং উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর টুরিষ্ট পুলিশের এস আই রেজাউল করিম, রতনপুর আইসি ক্যাম্প এর ইনচার্য এস আই আজম বিশ্বাস, উপস্থিত থেকে ও বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আনারুল ইসলাম, বাগোয়ান ইউপি যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, ইউনিয়ন পরিষদ সদস্য ফেরদৌস আলী মেন্তা, সংকর বিশ্বাস।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন, বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক মোবারক হোসেন।

পরে মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেম ফিতা কেটে বিট পুলিশিং এর উদ্বোধন করে।

উল্যেখ্য, মুজিবনগর উপজেলার চার ইউনিয়েনে মোট ৫ টি বিট পুলিশিং অফিস চালু করা হবে।

যার মধ্যে দারিয়াপুর, মোনাখালি ও মহাজনপুরে ৩ টি বিট পুলিশিং কার্যকমের এর উদ্বোধন করা হয়েছে, আজ শনিবার বাগোয়ান ইউনিয়নের রতনপুর বিট পুলিশিং এর উদ্ভোধন করা হল।